

## আজকের গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স - ১৭ নভেম্বর ২০২৫ | Bengali Current Affairs Today - 17 November 2025

প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছেন এমন পরীক্ষার্থীদের জন্য ১৭ নভেম্বর ২০২৫-এর গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স নিচে বিস্তারিতভাবে আলোচনা করা হলো। এই পোস্টে জাতীয়, আন্তর্জাতিক, বিভিন্ন নিয়োগ, খেলাধুলা এবং প্রয়ান সম্পর্কিত তথ্য সহজভাবে উপস্থাপন করা হয়েছে।

### আজকের বাংলা কারেন্ট অ্যাফেয়ার্স

#### জাতীয় প্রেস দিবস পালিত

প্রতি বছর ১৬ই নভেম্বর ভারতে জাতীয় প্রেস দিবস পালন করা হয়। ১৯৬৬ সালে এই দিনে প্রেস কাউন্সিল অফ ইন্ডিয়া (Press Council of India) প্রতিষ্ঠিত হয়েছিল।

- গুরুত্ব: সংবাদমাধ্যমকে প্রায়শই “গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ” (Fourth Pillar of Democracy) হিসেবে উল্লেখ করা হয়।

#### ওয়ালমার্টের সিইও-র অবসর ঘোষণা

বিশ্ববিখ্যাত রিটেল সংস্থা ওয়ালমার্টের সিইও ডগ ম্যাকমিলন তাঁর অবসরের কথা ঘোষণা করেছেন। তিনি ৩১ জানুয়ারী, ২০২৬ তারিখে অবসর গ্রহণ করবেন।

- উত্তরাধিকারী: জন ফার্নার আগামী ১ ফেব্রুয়ারী, ২০২৬ থেকে নতুন সিইও হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন।

#### ৩০তম CII পার্টনারশিপ সামিট ২০২৫

কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি (CII)-এর ৩০তম পার্টনারশিপ সামিট ২০২৫ বিশাখাপত্তনমে উদ্বোধন করা হয়েছে।

- উদ্বোধক: ভারতের উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণন
- উদ্দেশ্য: শিল্প, বাণিজ্য এবং উদ্ভাবনকে উৎসাহিত করার লক্ষ্যে এই দুই দিনের সামিটের আয়োজন করা হয়।
- CII সম্পর্কিত তথ্য:
  - সভাপতি: সঞ্জীব বাজাজ
  - ডিরেক্টর জেনারেল: চন্দ্রজিৎ ব্যানার্জী
  - প্রতিষ্ঠা: ১৮৯৫ সাল
  - সদর দপ্তর: নয়াদিল্লি

#### “নিরিনা হেজ্জে” বইটির প্রকাশ

“নিরিনা হেজ্জে” (Neerina Hejje) শিরোনামে একটি নতুন বই প্রকাশিত হয়েছে।

- লেখক: কর্ণাটকের উপ-মুখ্যমন্ত্রী ও জলসম্পদ মন্ত্রী ডি.কে. শিবকুমার
- বিষয়: বইটি কর্ণাটকের জলসম্পদ কেন্দ্র করে লেখা হয়েছে।

- প্রকাশক: কর্ণাটকের মুখ্যমন্ত্রী সিদ্ধারামাইয়া আনুষ্ঠানিকভাবে বইটি প্রকাশ করেন।

## ভারতের প্রথম পিকেলবল লিগ

ভারতে প্রথমবারের মতো পিকেলবল লিগের আয়োজন করা হচ্ছে।

- স্থান: ইন্দিরা গান্ধী ইনডোর স্টেডিয়াম, নয়াদিল্লি।
- তারিখ: ১ ডিসেম্বর থেকে ৭ ডিসেম্বর।
- ইভেন্টের নাম: ইন্ডিয়ান পিকেলবল লিগ (IPBL)।

## খেলো ইন্ডিয়া ইউনিভার্সিটি গেমস ২০২৫-এর মাসকট

রাজস্থানে অনুষ্ঠিত হতে চলা খেলো ইন্ডিয়া ইউনিভার্সিটি গেমস ২০২৫-এর মাসকট উন্মোচন করা হয়েছে।

- মাসকটের নাম: “খাম্মা ঘানি”।
- বিবরণ: মাসকটটি দুটি উটের সমন্বয়ে গঠিত, যাদের নাম “খাম্মা” এবং “ঘানি”।
- প্রাসঙ্গিকতা: উট রাজস্থানের রাজ্য পশু এবং “খাম্মা ঘানি” একটি ঐতিহ্যবাহী রাজস্থানী অভিবাদন।
- অনুষ্ঠানের তারিখ: ২৪ নভেম্বর থেকে ৫ ডিসেম্বর।

## BSF-এর সর্ব-মহিলা “দুর্গা ড্রোন স্কোয়াড্রন”

বর্ডার সিকিউরিটি ফোর্স (BSF) “দুর্গা ড্রোন স্কোয়াড্রন” নামে একটি সর্ব-মহিলা ড্রোন ইউনিট চালু করেছে।

- উদ্দেশ্য: এই ইউনিট সীমান্ত নজরদারির জন্য ড্রোন ব্যবহার করবে।
- কমিশনিং: মধ্যপ্রদেশের গোয়ালিয়রে অবস্থিত BSF একাডেমিতে এই স্কোয়াড্রনটি কমিশন করা হয়।
- BSF সম্পর্কিত তথ্য:
  - প্রতিষ্ঠা: ১ ডিসেম্বর, ১৯৬৫।
  - সদর দপ্তর: নয়াদিল্লি।
  - ডিরেক্টর জেনারেল: দলজিৎ সিং চৌধুরী।

## গ্লোবাল টিউবারকিউলোসিস রিপোর্ট ২০২৫

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) “গ্লোবাল টিউবারকিউলোসিস রিপোর্ট ২০২৫” প্রকাশ করেছে।

- মূল তথ্য: এই রিপোর্ট অনুযায়ী, টিবি এখনও একটি গুরুতর বিশ্ব স্বাস্থ্য সমস্যা।
- পরিসংখ্যান: ২০২৪ সালে বিশ্বজুড়ে টিবি-তে ১.২৩ মিলিয়ন মানুষের মৃত্যু হয়েছে এবং ১০.৭ মিলিয়ন মানুষ আক্রান্ত হয়েছেন।
- প্রবণতা: রিপোর্টে উল্লেখ করা হয়েছে যে, COVID-19 মহামারীর পর টিবি-জনিত মৃত্যুর হার কমেছে।

## বিশ্বের ষষ্ঠ বৃহত্তম পেটেন্ট ফাইলার হিসাবে ভারতের উত্থান

বিশ্বের ষষ্ঠ বৃহত্তম পেটেন্ট ফাইলার দেশ হিসেবে উঠে এসেছে ভারত।

- ঘোষণা: এই ঘোষণাটি করেছেন কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং
- তথ্য: ভারত মোট ৬৪,০০০ পেটেন্ট ফাইল করেছে, যার মধ্যে ৫৫% ভারতীয় বাসিন্দাদের দ্বারা দায়ের করা হয়েছে।

## প্রয়াত হলেন পরিবেশবিদ সালুমারাদা থিম্মাক্কা

প্রখ্যাত পরিবেশবিদ সালুমারাদা থিম্মাক্কা ১১৪ বছর বয়সে প্রয়াত হলেন।

- অবদান: তিনি “বৃক্ষ নারী” (Tree Woman) নামে পরিচিত ছিলেন। তিনি একটি ৪.৫ কিলোমিটার দীর্ঘ রাস্তার ধারে বটগাছ সহ ৮,০০০-এরও বেশি গাছ লাগিয়েছিলেন।
- পুরস্কার: তিনি ২০১৯ সালে পদ্মশ্রী এবং ন্যাশনাল সিটিজেন অ্যাওয়ার্ডে ভূষিত হন। ২০১৬ সালে তাকে বিবিসি ১০০ উইমেন তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছিল।
- পরিচিতি: কর্ণাটকের বাসিন্দা থিম্মাক্কা ও তাঁর স্বামী গাছ লাগানো ও তাদের পরিচর্যা জন্য নিজেদের জীবন উৎসর্গ করেছিলেন।